# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

বিজ্ঞপ্তি নম্বরঃ সংস্থা/ন-৫৩/প্রো-ভিসি/এমএলএসএস/রে-৪৪২৮(৪) তারিখঃ ০৩ এপ্রিল, ২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

## (ওয়াক-ইন ইন্টারভিউ)

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকার প্রো-ভাইস চ্যান্সেলর কার্যালয়ের **'এমএলএসএস'** পদে নিম্ন বর্ণিত বেতন, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন লোক সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে এক বছরের জন্য অস্থায়ী ও চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হবেঃ

| ক্রমিক নম্বর | পদের নাম ও গ্রেড | বেতন | চাকরির ধরণ ও মেয়াদ | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১ | এমএলএসএস (গ্রেড-২০) | সর্বসাকুল্যে মাসিক বেতনঃ ৳ ১৫,৯৫০/- এবং বিধি/ নিয়মানুযায়ী প্রদেয় ভাতাদি | চুক্তিভিত্তিক ও এক বছর | ১টি | প্রার্থীকে ন্যূনতম এসএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। |

উপর্যুক্ত পদে নিম্নোল্লিখিত শর্তে এবং ক্রমিক নম্বরঃ ৭-এ উল্লিখিত তারিখ, সময় ও স্থানে আগ্রহী প্রার্থীদেরকে নিবন্ধনোত্তর ওয়াক-ইন ইন্টারভিউতে (সরাসরি সাক্ষাৎকারে) অংশগ্রহণের জন্য আহ্বান করা হলোঃ

**শর্তাবলীঃ**

১) আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;

২) নির্ধারিত চাকরির আবেদন ফরমে (সংযুক্ত) আবেদন করতে হবে। চাকরির আবেদন ফরম পাওয়া যাবে বুয়েটের **পদার্থজ্ঞান বিভাগ** অফিসে এবং বুয়েটের Web Site (regoffice.buet.ac.bd)-এর Vacancy লিংকে;

৩) চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

৪) কম্পট্রোলার, বুয়েটের অনুকূলে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার অথবা বুয়েটের কম্পট্রোলার অফিস থেকে নির্ধারিত জমা রশিদ ফরম সংগ্রহোত্তর সোনালী ব্যাংক লিমিটেড, বুয়েট শাখা, ঢাকায় ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা জমাদানপূর্বক টাকা জমার রশিদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে;

৫) আবেদনকারীর বয়স সাক্ষাৎকারের দিন ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে এবং মুক্তিযোদ্ধাদের পোষ্যদের ক্ষেত্রে সরকারি সিদ্ধান্ত প্রযোজ্য হবে;

৬) আবেদনের সাথে ২ (দুই) কপি ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, একাডেমিক ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, প্রশংসাপত্র, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন এবং অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে;

৭) **আগ্রহী প্রার্থীকে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক চাহিত সকল কাগজপত্রের মূল কপি এবং আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্রের সত্যায়িত কপিসহ ০৪ (চার) সেট আবেদনপত্র (১ সেট মূল এবং ০৩ সেট ফটোকপি) নিয়ে আগামী ১১ এপ্রিল ২০২২ তারিখ সোমবার সকাল ১০টা থেকে ১১টার মধ্যে বুয়েটের পদার্থজ্ঞান বিভাগ অফিসে উপস্থিত হয়ে ওয়াক-ইন ইন্টারভিউ (সরাসরি সাক্ষাৎকার) প্রদানের নিমিত্তে নিবন্ধন করার জন্য আহ্বান করা হলো। শুধুমাত্র নিবন্ধিত প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে। উক্ত সময়ের পরে কোন ভাবে নিবন্ধন এবং সাক্ষাৎকার গ্রহণ করা হবে না;**

৮) ওয়াক-ইন ইন্টারভিউ (সরাসরি সাক্ষাৎকারে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

৯) কোন প্রার্থী আবেদনপত্রে কোন ভুল বা মিথ্যা তথ্য প্রদান করলে বা প্রয়োজনীয় তথ্য গোপন করলে বা টেম্পারিং করলে বা কোন জাল সার্টিফিকেট দাখিল করলে বা বয়স ও শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেটের কোন অংশ টেম্পারিং বা পরিবর্তন করলে যথাযথ আইন/বিধি/নীতিমালা অনুযায়ী তাকে উক্ত পরীক্ষাসহ বুয়েট কর্তৃক পরিচালিত পরবর্তী যে কোন পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা হবে। এমনকি প্রার্থীকে চাকরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ ও তা প্রমাণ হলে তাকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে/হবে;

১০) নিয়োগ বিজ্ঞপ্তি, পদের সংখ্যা, বেতন ও চুক্তির মেয়াদ হ্রাস-বৃদ্ধি, বিজ্ঞপ্তির শর্ত সংযোজন-বিয়োজনসহ এতদসংক্রান্ত সকল ক্ষমতা বুয়েট কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে বা এতদবিষয়ে বুয়েট কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

03.04.2022

(অধ্যাপক ড. মোঃ রাফি উদ্দিন)
সভাপতি
সংশ্লিষ্ট পদে নিয়োগের জন্য গঠিত সুপারিশ কমিটি
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)
ঢাকা-১০০০

সংযুক্তি: চাকরির আবেদন ফরম।

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

<u>কার্যার্থে:</u>

১) ডিন, সকল অনুষদ, বুয়েট, ঢাকা।
২) প্রধান, সকল বিভগ, বুয়েট, ঢাকা।
৩) পরিচালক, সকল ইনস্টিটিউট ও সেন্টার, বুয়েট, ঢাকা।
৪) প্রভোস্ট, সকল হল, বুয়েট, ঢাকা।
৫) প্রধান, সকল অফিস, বুয়েট, ঢাকা।

(১–৫:) নিয়োগ বিজ্ঞপ্তিটি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৬) পরিচালক, আই.আই.সি.টি, বুয়েট, ঢাকা- ওয়েব সাইটে আপলোড করার জন্য।
৭) সিনিয়র প্রোগ্রামার, রেজিস্ট্রার অফিস, বুয়েট, ঢাকা- ওয়েব সাইটে আপলোড করার জন্য।
৮) সকল নোটিশ বোর্ড, বুয়েট, ঢাকা।

<u>জ্ঞাতার্থে:</u>

১) পিএস-টু ভিসি, বুয়েট, ঢাকা- মাননীয় ভিসি'র সদয় অবগতির জন্য।
২) পিএস-টু প্রো-ভিসি, বুয়েট, ঢাকা- মাননীয় প্রো-ভিসি'র সদয় অবগতির জন্য।

বরাবর
রেজিস্ট্রার
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০

৫x৫ সে.মি. ছবি

(সম্প্রতি তোলা ২ কপি)

# চাকরির আবেদন ফরম

| | | | |
|---|---|---|---|
| ১ | পদের নাম: | | |
| ২ | বিজ্ঞপ্তির নম্বর: | তারিখ: | |
| ৩ | প্রার্থীর নাম | বাংলায়: | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | |
| ৪ | জাতীয় পরিচয় নম্বর: | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | |
| ৫ | জন্ম তারিখ: | ৬. জন্মস্থান (জেলা): | |
| ৭ | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস / দিন |
| ৮ | মাতার নাম: | | |
| ৯ | পিতার নাম: | | |

| | ঠিকানা | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০ | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | |
|---|---|---|---|
| ১১ | যোগাযোগ: | মোবাইল নম্বর: | ই-মেইল: |
| ১২ | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪ | ধর্ম: | ১৫. | পেশা: |

১৬ শিক্ষাগত যোগ্যতাঃ

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/ বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯ | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/ শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য: |
| ২০ | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | | | তারিখ: |
| | ব্যাংক ও শাখার নাম: | | | |
| ২১ | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ:

প্রার্থীর স্বাক্ষর